



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৮.৪২

তারিখ: ১১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সাকুলার

বিষয়: বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে Terms of Reference (ToR) / Request for Proposal (RFP) পর্যালোচনা (Review) কমিটি গঠন প্রসঙ্গে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল ক্রয়কারী (Procuring Entity) কর্তৃক উন্নয়ন ও পরিচালনা বাজেটের অধীনে জাতীয় ও আন্তর্জাতিক প্রস্তাবের মাধ্যমে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে গুণগতমান নিশ্চিতকল্পে ও অভিন্নতা বজায় রাখার স্বার্থে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে ToR/RFP পর্যালোচনা (Review) কমিটি গঠন করা হল-

| ক্রমিক নং | ToR/RFP পর্যালোচনা (Review) কমিটি | কমিটিতে অবস্থান |
|-----------|--|-----------------|
| ১ | প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা। | আহ্বায়ক |
| ২ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১/২/৩ পরিদপ্তর (সংশ্লিষ্ট), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)/মনোনীত নির্বাহী প্রকৌশলী(পুর), কন্ট্রোল এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪ | নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫ | সংশ্লিষ্ট ক্রয়কারী, বাপাউবো। | সদস্য-সচিব |

উল্লেখ্য, সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১/২/৩ পরিদপ্তর ক্রয়কারী হলে সংশ্লিষ্ট দপ্তরের নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১/২/৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা কমিটির সদস্য হবেন। বিশেষ প্রয়োজনে কমিটির আহ্বায়ক যে কোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবেন।

কমিটির কার্য-পরিধি নিম্নরূপঃ

অ. কমিটি উন্নয়ন ও পরিচালনা বাজেটের অধীনে ক্রয়কারী কর্তৃক প্রস্তুতকৃত TOR/RFP পর্যালোচনা (Review) করবেন।

আ. উন্নয়ন সহযোগীর অর্থায়নকৃত প্রকল্পে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় সংক্রান্ত TOR/RFP উন্নয়ন সহযোগী কর্তৃক Concurrence এর প্রয়োজ্যতা থাকলে উপরোক্ত কমিটি কর্তৃক Review এর পর উন্নয়ন সহযোগী'র নিকট প্রেরণ করতে হবে। উক্ত TOR/RFP এর উপর উন্নয়ন সহযোগী কর্তৃক কোন মতামত থাকলে উহা প্রতিপালনপূর্বক কমিটি কর্তৃক পুনঃ Review করতে হবে।

২। কমিটি কর্তৃক স্বাক্ষরকৃত TOR/RFP সংশ্লিষ্ট ক্রয়কারী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাপাউবো'র আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৬ অনুযায়ী মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনের জন্য পেশ করবেন।

৩। কমিটি গঠনের পর কোন কর্মকর্তা বদলী বা পদোন্নতিজনিত পরিবর্তন হলে স্থলাভিষিক্ত কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।

৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সাকুলার জারী করা হলো।

২৫-০৩-২০২৪

মোঃ হাফিজুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) (ভারপ্রাপ্ত)

০২২২২২৩০০১৫

se.cpc.bwdb@gmail.com

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল), বাপাউবো;
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)....., বাপাউবো;
- ৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড;
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক (সকল)....., বাপাউবো;
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
- ৬। নির্বাহী প্রকৌশলী (সকল), বাপাউবো এবং
- ৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ), বাপাউবো, পানি ভবন, ঢাকা।



২৫-০৩-২০২৪
মোঃ হালিম সাঈদী
নির্বাহী প্রকৌশলী (পুর)